

ISO 9001:2015 Certified

শেখ হাসিনার উদ্দেশ্যে  
ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩  
Mymensingh Palli Bidyut Samity-3  
(এলাকা ভিত্তিক পল্লী বিদ্যুতায়ন কার্যক্রম)

ময়মনসিংহ পবিস-৩  
শত্ৰুগঞ্জ, সদর, ময়মনসিংহ।  
Email: mpbs3@yahoo.com  
Web: pbs3.mymensingh.gov.bd



স্মারক নং-২৭.১২.৬১৫২.৫৬৪.০২.০০৮.২৩.

৬৬৬৬

তারিখ: ০৮ অগ্রহায়ণ' ১৪৩০ বঙ্গাব্দ  
২৩ নভেম্বর' ২০২৩ খ্রিস্টাব্দ


**“রিটেইনার ডাক্তার (চুক্তিভিত্তিক) পদে নিয়োগ বিজ্ঞপ্তি”**

ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর আওতাধীন হালুয়াঘাট জোনাল অফিসে কর্মরত কর্মকর্তা/কর্মচারী ও তাদের পরিবারের সদস্যগণের চিকিৎসা সেবা প্রদানের নিমিত্তে শর্ত সাপেক্ষে ০১ (এক) জন রিটেইনার ডাক্তার (চুক্তিভিত্তিক) পদে নিয়োগের নিমিত্তে বাংলাদেশের প্রকৃত যোগ্যতা সম্পন্ন নাগরিকগণের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

**শর্তাবলীঃ**


- ০১। প্রার্থীকে সরকারি মেডিকেল কলেজ/বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত মেডিকেল কলেজ হতে “এমবিবিএস” পাশ হতে হবে। বিএমডিসি এর হালনাগাদ রেজিস্ট্রেশন থাকতে হবে।
- ০২। আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের প্রকৃত নাগরিক হতে হবে।
- ০৩। পবিসের আওতাভুক্ত থানা/এলাকায় সরকারী ডাক্তার হিসেবে/অন্য কোন প্রতিষ্ঠানে স্বাস্থ্য সেবা প্রদানে নিয়োজিত আছেন কেবলমাত্র তাদেরকেই রিটেইনার ডাক্তার পদের জন্য বিবেচনা করা হবে।
- ০৪। আলোচ্য পদে ০৩ (তিন) বৎসরের জন্য চুক্তি ভিত্তিতে নিয়োগ করা যেতে পারে।
- ০৫। আলোচ্য পদে নিয়োগপ্রাপ্ত বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক অনুমোদিত হারে হালুয়াঘাট জোনাল অফিসের জন্য ৮,০০০.০০ (আট হাজার) টাকা মাসিক রিটেইনার ফি প্রদান করা হবে। মাসিক রিটেইনার ফি হতে সরকারী নিয়মানুযায়ী আয়কর কর্তন করা হবে।
- ০৬। একজন রিটেইনার ডাক্তার একাধিক পল্লী বিদ্যুৎ সমিতিতে রিটেইনার ডাক্তার হিসেবে নিয়োজিত থাকতে পারবেন না।
- ০৭। নিয়োগ চুক্তি বাতিল করতে হলে উভয় পক্ষকে কমপক্ষে ৩০ (ত্রিশ) দিনের পূর্ব নোটিশ প্রদান করতে হবে।
- ০৮। ০৩ (তিন) বছরের চুক্তিকাল উত্তীর্ণ হওয়ার অন্ততপক্ষে ০১ (এক) মাস পূর্বে নতুন করে আবেদন পত্র আহ্বান করা হবে এবং সে সময় যিনি অত্র পদে অধিষ্ঠিত থাকবেন, তিনিও পুনরায় আবেদন করতে পারবেন।
- ০৯। নিয়োগপ্রাপ্ত রিটেইনার ডাক্তারগণকে অন্তত সপ্তাহে ০১ (এক) দিন অফিস চলাকালীন সময়ে অফিসে উপস্থিত থাকতে হবে। অফিসে উপস্থিত থাকার জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ১০। ব্যক্তিগত চেম্বারে পবিসের যে কোন কর্মকর্তা/কর্মচারী সপ্তাহের যে কোন দিন চিকিৎসার জন্য যেতে পারবেন। এজন্য পৃথক কোন ভিজিট বা ফি দাবী করা যাবে না।
- ১১। দুর্ঘটনা বা যে কোন জরুরী প্রয়োজনে সমিতির ভৌগলিক এলাকায় যে কোন স্থানে যেতে হতে পারে। (এক্ষেত্রে যাতায়াত ভাতা/ফি দেওয়া হবে)
- ১২। আবেদনপত্রের প্রয়োজনীয় শর্তাবলীঃ  
আবেদনকারীর নাম (স্পষ্টাক্ষরে), পিতার নাম, মাতার নাম, বর্তমান ও স্থায়ী ঠিকানা, অন্যান্য শিক্ষাগত যোগ্যতার/অভিজ্ঞতার সার্টিফিকেট এর ফটোকপি, সম্প্রতি তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্বের সনদপত্র সহ সকল সনদপত্রের ফটোকপি সমূহ অবশ্যই প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িতসহ আবেদনপত্রের সাথে সংযুক্ত করে দিতে হবে।

উপরোক্ত পদে নিয়োগ প্রাপ্ত হতে ইচ্ছুক আগ্রহী প্রার্থীগণ সাদা কাগজে দরখাস্ত আগামী ০৭/১২/২০২৩ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে অবশ্যই নিম্নস্বাক্ষরকারীর বরাবরে পৌঁছাতে হবে।

  
(মোহাম্মদ আবুল কালাম আজাদ)  
জেনারেল ম্যানেজার

**অনুলিপি : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়-বিজ্ঞপ্তিটি আপনার নোটিশ বোর্ডে টানানোর অনুরোধসহ)**

- ০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
- ০২। সিভিল সার্জন, ময়মনসিংহ।
- ০৩। পরিচালক, পবিস মনিটরিং ব্যঃ ও পঃ (কেঃঅঃ)/ পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- ০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার -----পবিস-১/২/৩/৪।
- ০৫। ডিজিএম, সদর দপ্তর-কারিগরি/হালুয়াঘাট/ফুলপুর/ঈশ্বরগঞ্জ/খোবাউড়া জোনাল অফিস, মপবিস-৩।
- ০৬। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ময়মনসিংহ সদর/গৌরীপুর/ঈশ্বরগঞ্জ/ফুলপুর/হালুয়াঘাট/খোবাউড়া/তারাকান্দা উপজেলা।
- ০৭। এজিএম (অর্থ/এমএস/প্রশাসন/ওএন্ডএম/ইএন্ডসি/আইটি/এইচআর), মপবিস-৩।
- ০৮। এজিএম (ওএন্ডএম), তারাকান্দা সাব-জোনাল অফিস, মপবিস-৩।
- ০৯। জুনিঃ ইঞ্জিঃ (আইটি), মপবিস-৩ (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হলো।
- ১০। নোটিশ বোর্ড, মপবিস-৩।

  
(মোহাম্মদ আবুল কালাম আজাদ)  
জেনারেল ম্যানেজার